

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৭৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৯. জুমু'আহর সালাতের পোশাক সম্পর্কে

# باب اللُّبْسِ لِلْجُمْعَةِ

#### আরবী

حَدَّقَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّقَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يُونُسُ، وَعَمْرُو بْنُ الْحَارِثِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، قَالَ وَجَدَ عُمَرُ بْنُ الْخَطَّابِ حُلَّةَ إِسْتَبْرَقٍ تُبَاعُ بِالسُّوقِ شَهَابٍ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، قَالَ وَجَدَ عُمَرُ بْنُ الْخَطَّابِ حُلَّةَ إِسْتَبْرَقِ تُبَاعُ بِالسُّوقِ فَأَخَذَهَا فَأَتَى بِهَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ ابْتَعْ هَذِهِ تَجَمَّلْ بِهَا لِلْعِيدِ وَلِلْوَفْدِ . ثُمَّ سَاقَ الْحَدِيثَ وَالْأَوَّلُ أَتَمُّ .

\_ صحيح : م

#### বাংলা

১০৭৭। সালিম ইবনু 'আবদুল্লাহ (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা 'উমার ইবনুল খান্তাব (রাঃ) বাজারে একখানা রেশমী কাপড় বিক্রি হতে দেখে তা নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে পেশ করে বলেন, আপনি এ কাপড়টি কিনে নিন, এটা ঈদ ও প্রতিনিধি দলের আগমন উপলক্ষে পরতে পারবেন। অতঃপর বর্ণনাকারী উপরোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন। অবশ্য পূর্বের হাদীসটি পূর্ণাঙ্গ।[1]

সহীহ: মুসলিম।

### **English**

'Abd Allah b. 'Umar said:

'Umar b. al-Khattab saw a suit of silken cloth being sold in the market. He took it to the Messenger of Allah (ﷺ), and said: Purchase it ad decorate with it on 'id on the occasion of the arrival of delegations. The narrator then narrated the tradition. The former version is complete.



## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ দুই ঈদ এবং তাতে সুন্দর পোষাক পরিধান করা, হাঃ ৯৪৮), মুসলিম (অধ্যায় : পোষাক-পরিচ্ছদ, অনুঃ নারী ও পুরুষ উভয়ের জন্য স্বর্ণ ও রৌপ্য নির্মিত পাত্র ব্যবহার হারাম এবং পুরুষের জন্য রেশমী পোশাক হারাম) ইবনু শিহাব হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

<u> হ্রাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন</u>